দৈনিক ইত্তেফাক

তারিখ 20 MAY 1993

পৃষ্ঠা ৭ কলাম ৮

# ঢাকা পলিটেকনিক ছাত্র সংসদের নির্বাচন স্থগিত

ইত্তেফাক রিপোর্ট ।। ঢাকা পলিটেকনিক ইনসটিটিউট ছাত্র সংসদের নির্বাচন স্থগিত ঘোষণা করা হইয়াছে। কর্তৃপক্ষ গতকাল বুধবার সকালে এই ঘোষণা দেন। ইনষ্টিটিউট ক্যাম্পাসের পরিস্থিতি

(৭ম পৃ: ২-এর ক: দ্র:)

## ঢাকা পলিটেকনিক

(প্রথম পৃ: পর)

মোটামুটি শান্ত ছিল। তবে ইনষ্টিটিউটের অনতিদূরে তিব্বত মোড়ে বিক্ষোভকারী একদল ছাত্রের সহিত পুলিশের ধাওয়া-পাল্টা ধাওয়ার ঘটনা ঘটে। এই সময় এলাকায় ২০/২৫টি হাতবোমার বিস্ফোরণ ঘটে। পুলিশ পরিস্থিতি নিয়ন্ত্রণে আনার লক্ষ্যে এলাকায় কয়েক রাউণ্ড কাঁদানে গ্যাস নিক্ষেপ করে। ২ জন ছাত্রকে গ্রেফতার করা হইয়াছে। পলিটেকনিক ইনসটিটিউট ছাত্র সংসদের নির্বাচন বাতিলের দাবীতে ছাত্রলীগ (ম-ই) গতকাল তেজগাঁও থানা এলাকায় অর্ধদিবস হরতাল আহ্বান করিয়াছিল। সকালে বিশেষ করিয়া পলিটেকনিক ইনসটিটিউট পার্শ্ববর্তী এলাকায় হরতালের পরিবেশ সৃষ্টি হয়। তিব্বত মোড়ে ছাত্র লীগের একদল নেতা-কর্মী বিক্ষোভ করিতে থাকে। সকাল সোয়া ১০ টায় তিব্বত মোড় হইতে ছাত্রলীগের একটি বিক্ষোভ মিছিল ইনষ্টিটিউট অভিমুখে যাত্রা করিলে পুলিশ মিছিলের গতিপথ রোধ করে। এক পর্যায়ে এলাকায় হাতবোমার বিস্ফোরণ হইতে থাকে। পুলিশ মারমুখী হইয়া উঠে। মিছিলকারীদের লক্ষ্য করিয়া কাঁদানে গ্যাস ছুঁড়িতে ছুঁড়িতে পুলিশ সামনের দিকে অগ্রসর হয় এবং এক পর্যায়ে মিছিলে লাঠিচার্জ করে। এলাকায় আতঙ্ক ছড়াইয়া পড়ে। মিছিলকারীরা দিগবিদিক ছুটাছুটি শুরু করিয়া দেয়। অনেকে পার্শ্ববর্তী বাসা বাড়িতে ঢুকিয়া পড়িলে পুলিশ সেখানেও হানা দেয়। প্রত্যক্ষদর্শীরা জানায়, তিব্বত মোড় এলাকায় প্রায় অর্ধঘন্টা ধরিয়া পুলিশের এই অভিযান চলে। কাঁদানে গ্যাসে বাসা-বাড়ির লোকজনও আক্রান্ত হয়। সোয়া ১১টায় পলিটেকনিক ইনসটিটিউটে গিয়া দেখা যায়, পরিস্থিতি স্বাভাবিক। রাস্তায় যানবাহন চলিতেছে। ইনসটিটিউটের সামনে পুলিশের ৩টি ভ্যানগাড়ি দাঁড়াইয়া আছে। ইনসটিটিউটের পরিস্থিতি থমথমে। প্রিন্সিপাল বলিলেন, 'গতকাল হল তল্লাশী হইয়াছে।' ছাত্ররা অনেকে হলে নাই। সার্বিক দিক বিবেচনা করিয়া ছাত্র সংসদ নির্বাচন আপাতত: স্থগিত ঘোষণা করা হইয়াছে।